দৈনিক
জনকণ্ঠ

তারিখ 22 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# জাবির ভর্তি পরীক্ষার ফরম কালোবাজারে বিক্রির অভিযোগ

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফরম কালো বাজারে অধিক মূল্যে বিক্রির অভিযোগ পাওয়া গেছে। গতকাল রবিবার সরেজমিনে পরিদর্শন করে দেখা গেছে একশ্রেণীর অসাধু ব্যক্তি ও গাইড বিক্রেতা ৩০/৪০ টাকা বেশি দামে ফরম বিক্রি করছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ব্যাংক থেকে ফরম সংগ্রহের সময় গতকাল ভর্তিচ্ছুদের অত্যাধিক ভিড় ছিল। এই সুযোগে বিশ্ববিদ্যালয়ের কতিপয় ছাত্র এবং কর্মচারীদের সন্তানরা জাবি অগ্রণী ব্যাংক থেকে ফরম সংগ্রহ করে ৩০/৪০ টাকা বেশি দামে কালো বাজারে বিক্রি করে। ফরমের কালোবাজারীর ফলে গতকাল ভর্তি ফরমের কৃত্রিম সঙ্কট সৃষ্টি হয়। ভর্তিচ্ছু ছাত্রছাত্রী ও অভিভাবকরা অনেকেই দীর্ঘক্ষণ অপেক্ষার পরও 'গ' ইউনিটের ভর্তি ফরম পাননি বলে অভিযোগ করেছেন। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোহাম্মদ আলী বলেছেন, ফরম কালোবাজারীর অভিযোগ পাইনি। ঘটনার সত্যতা যাচাই করতে প্রশাসন ব্যবস্থা নেবে।